তারিখ 31 JUL 1994
পৃষ্ঠা ৫ কলাম ২

60

দৈনিক সংবাদ

# ফেনীতে প্রাথমিক শিক্ষা অফিসে দুর্নীতি শিক্ষকদের স্মারকলিপি পেশ

ফেনী, ৩০শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)- ফেনী প্রাথমিক শিক্ষা অফিসের এক শ্রেণীর কর্মকর্তা-কর্মচারী ও কতিপয় শিক্ষকের অনিয়ম ও দুর্নীতির কারণে জেলার প্রাথমিক শিক্ষা ব্যবস্থা ভেঙে পড়েছে। এসব দুর্নীতিপরায়ণ শিক্ষক ও কর্মকর্তাদের দ্বারা সাধারণ শিক্ষক-শিক্ষিকারা প্রায়ই হয়রানির শিকার হচ্ছে বলে ১শ' ২৪ জন শিক্ষক-শিক্ষিকা স্বাক্ষরিত ও জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তার বরাবরে পেশকৃত এক স্মারকলিপিতে অভিযোগ করা হয়েছে।

ফেনী সদর থানা শিক্ষা অফিসের কতিপয় কর্মকর্তা-কর্মচারী এবং এক শ্রেণীর শিক্ষকের যোগসাজশে এখানে দীর্ঘদিন ধরে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতি চলে আসছে। অভিযোগে জানা যায়, সাধারণ শিক্ষক-শিক্ষিকাদের বদলির হুমকি দিয়ে এবং স্থানবিশেষে বদলি করে তাদের কাছ থেকে মোটা অংকের অর্থ আদায় করা হয়ে থাকে। শিক্ষকদের জিপি ফান্ডের লোন মঞ্জুর ৩শ' টাকা হারে আদায়ের অভিযোগও পাওয়া গেছে। বিভিন্ন অনিয়মের কারণে কোন সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মাত্র একজন বা দু'জন শিক্ষক রয়েছেন। আবার বেশ কিছু স্কুলে অতিরিক্ত ২/৩ জন শিক্ষক রয়েছেন। জানা গেছে, ফেনী সদর থানার বিজয়সিংহ সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক সামছুল হক বিনা ছুটিতে ৩ বছর মধ্যপ্রাচ্যে চাকরি করে আবার আগের চাকরিতে এসে যোগ দিয়েছেন। চাঁদা আদায় সংক্রান্ত ব্যাপারে একজন শিক্ষককে মারধরের জন্য সালাউদ্দিন নামে এক শিক্ষকের বিরুদ্ধে থানায় মামলা পর্যন্ত হয়েছে। আবুল কালাম নামে সুলতানপুর প্রাথমিক বিদ্যালয়ের একজন শিক্ষকের বিরুদ্ধে এক পঞ্চম শ্রেণীর ছাত্রীর শ্লীলতাহানির চেষ্টার অভিযোগ তদন্ত হচ্ছে। মোহাম্মদ মোস্তফা নামে একজন শিক্ষক স্কুলের সময়ও তার ব্যবসা নিয়ে ব্যস্ত থাকেন বলে অভিযোগ রয়েছে।

এসব শিক্ষকরা একটি রাজনৈতিক দলের ছত্রছায়ায় থেকে শিক্ষা অফিসের কতিপয় কর্মকর্তা-কর্মচারীর সহযোগিতায় শিক্ষা ক্ষেত্রে চরম অনিয়ম ও বিশৃংখলার সৃষ্টি করেছেন এবং শিক্ষার স্বার্থে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়ার জন্য স্মারকলিপিতে ১শ' ২৪ জন শিক্ষক আবেদন জানিয়েছেন।